



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর।

Website : www.nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০২০/৫২৭০

তারিখ : ২৫/০৮/২০২১ খ্রিস্টাব্দ

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে

Promotion সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী বিধি মোতাবেক ভর্তি ও রেজিস্ট্রেশন, অন-লাইনে কোর্স সম্পন্ন, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ এবং ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরমপূরণ করেছে সে সকল শিক্ষার্থীদের মহামারী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ইতোমধ্যে ২য় বর্ষে উন্নীত ঘোষণা করা হয়েছে। কিন্তু গত ১৬/০৬/২০২১ তারিখ স্মারক নং: (০-৫) জাতীঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৮৭ বিজ্ঞপ্তিতে উল্লেখিত 'চ' ধারা মোতাবেক সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষার্থীর অঙ্গীকারনামা জমা নিয়ে প্রত্যয়নপত্র (কপি সংযুক্ত) পূরণ করে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ১৪/০৭/২০২১ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি অনেক কলেজ কর্তৃপক্ষ তা প্রেরণ করেন নাই।

এমতাবস্থায়, যে সকল কলেজ অদ্যাবধি প্রত্যয়নপত্র প্রেরণ করে নাই সে সকল কলেজের পরীক্ষার্থীদের অঙ্গীকারনামা গ্রহণ এবং কলেজে সংরক্ষণ করে শুধুমাত্র অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র পূরণ করে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ১৫/০৯/২০২১ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। যে সকল শিক্ষার্থী অঙ্গীকারনামা জমা দিয়েছে তাদের ২য় বর্ষে শর্ত সাপেক্ষে ভর্তি ও অন-লাইনে ক্লাস শুরুর জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ- শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষরিত অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করতে হবে। শুধুমাত্র অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। ইতোমধ্যে যে সকল কলেজ কর্তৃপক্ষ উল্লেখিত প্রত্যয়নপত্র প্রেরণ করেছেন তাঁদের নতুন করে প্রত্যয়ন প্রেরণ করার প্রয়োজন নাই।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন : ০২-৯২৯১০১৭

ফ্যাক্স : ০২-৯২৯১০৪৪

ই-মেইল : controller@nu.ac.bd